

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 01-10-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে এখন পর্যন্ত ১৫ লক্ষ ৩৫ হাজার ৩৬৪ জন সুবিধাভোগী আয়ুত্থান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় এসেছেন।
- (২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন প্রধানমন্ত্রী জন ধন যোজনার জন্য ক্ষুদ্র এবং মাঝারি শিল্পদ্যোগীদের ব্যাংক থেকে ঋণ নেওয়া অনেক সহজ হয়েছে।
- (৩) শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা রাজ্যে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের কার্যক্ষমতার বিকাশে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় আজ র‍্যাম্প প্রকল্পের সূচনা করেন।
- (৪) আগামীকাল মহালয়া। দেবী পক্ষের শুরু।

\*\*\*\*\*

**PMJAY-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে এখন পর্যন্ত ১৫ লক্ষ ৩৫ হাজার ৩৬৪ জন সুবিধাভোগী আয়ুত্থান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় এসেছেন। তার মধ্যে মোট ৩ লক্ষ ৪৩ হাজার ৯৮৫ জন বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এর জন্য ব্যয় হয়েছে ১৯৫ কোটি ৫১ লক্ষ টাকারও বেশি। আজ আগরতলার প্রজ্ঞাভবনে আয়ুত্থান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার ৬ষ্ঠ বর্ষপূর্তি ও আয়ুত্থান ভারত ডিজিটাল মিশনের তৃতীয় বর্ষপূর্তি

উপলক্ষ্যে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন,

#####Byte#####

মুখ্যমন্ত্রী আরো বলেন, গত ১৫ ফেব্রুয়ারী রাজ্যে চীফ মিনিস্টার জন আরোগ্য যোজনা- ২০২৩ প্রকল্পটির সূচনা হয়েছে। এই প্রকল্পে এখন পর্যন্ত ২ লক্ষ ৩ হাজার ৬২টি পরিবারের মোট ৪ লক্ষ ৪৮ হাজার ৭০৯ জন সুবিধাভোগীকে আয়ুস্মান কার্ড ইস্যু করা হয়েছে। ১২ হাজারেরও বেশী রোগী বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এই প্রকল্পে ২ কোটি ২০ লক্ষ টাকারও অধিক দাবি নিষ্পত্তি করা হয়েছে। ইউনিভার্সেল হেলথ কভারেজ নিশ্চিত করাই এই প্রকল্পের মুখ্য উদ্দেশ্য। তিনি বলেন আয়ুস্মান ভারত ডিজিটাল মিশনের মাধ্যমে রাজ্যের মানুষদের ডিজিটালি পরিষেবা প্রদান করতে এখন পর্যন্ত আভা এপের মাধ্যমে ২১ লক্ষ ৫১ হাজার ৯৪৯ জনকে আভা আইডি প্রদান করা হয়েছে।

সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদিত আয়ুস্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৭০ বছর বা তার বেশি বয়সী সকল প্রবীণ নাগরিকদের স্বাস্থ্য বীমার আওতায় আনার বিষয়টিও তিনি তাঁর ভাষণে উল্লেখ করেন।

জাতীয় স্বৈচ্ছা রক্তদান দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী আজ প্রজ্ঞাভবনে একটি রক্তদান শিবিরেরও উদ্বোধন করেন।

\*\*\*\*\*

**SW & SE Minister :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, প্রবীণরা সমাজের পথ প্রদর্শক। প্রবীণদের সৎ পরামর্শ ও অভিজ্ঞতা গ্রহণ করলে সমাজ, রাজ্য ও দেশ উপকৃত হবে। আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে আয়োজিত রাজ্যভিত্তিক আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা

বলেন। শ্রী রায় বলেন, প্রবীণদের আশ্রয়ে নতুন নতুন বৃদ্ধ আশ্রম ও বৃদ্ধাশ্রম গড়া নয়, এই সামাজিক ব্যাধি থেকে সমাজকে বেড়িয়ে আসতে হবে।

বক্তব্য রাখেন আগরতলার পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। অনুষ্ঠানে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে জিলা শ্রেষ্ঠ ৯০ বছর উর্দ্ধ প্রবীণ সন্মান ভূষণ চন্দ্র দাসকে, জিলা শ্রেষ্ঠ ৭০ বছর উর্দ্ধ প্রবীণ কর্মজীবন সন্মান নিত্যনন্দ আচার্যকে, জিলা শ্রেষ্ঠ ৬০ বছর উর্দ্ধ প্রবীণ সৃজনকলা সন্মান প্রদীপ দাসকে এবং জিলা শ্রেষ্ঠ ৬০ বছরের উর্দ্ধ সুভাষ গন চৌধুরীকে প্রবীণ সাহসিকতা সন্মানে ভূষিত করা হয়।

\*\*\*\*\*

#### **Day for Older Persons :**

আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি তাঁর ভাষনে বলেন, প্রবীণ-প্রবীণারা আমাদের সমাজের সম্পদ। তাঁদের প্রজ্ঞা ও অভিজ্ঞতা সমাজের জন্য কল্যাণকর। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাশাগর দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে কয়েকজন প্রবীণ নাগরিককে বিশেষ সন্মান জানানো হয়।

\*\*\*\*\*

#### **Press Meet-Education Dept :**

সাধারণ ডিগ্রি কলেজে অনুত্তীর্ণ ছাত্রছাত্রীদের পরবর্তী সেমিস্টারে উত্তীর্ণ করে দেওয়া হয়েছে। আগরতলায় উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেঘ দেববর্মা সাংবাদিক সম্মেলনে একথা

জানিয়েছেন। তিনি জানান, এই সিদ্ধান্তের ফলে প্রায় আট হাজার ছাত্রছাত্রী পরবর্তী সেমিস্টারে উত্তীর্ণ হলেন। শ্রী দেববর্মা আরো জানান, ছাত্র ছাত্রীদের উত্তীর্ণ করা হলেও তাদের ফেল করা বিষয়ে আবারও পরীক্ষা দিতে হবে। পরবর্তী সময়ে যখন পরীক্ষা হবে তখন তারা পরীক্ষায় বসতে পারবেন। এই পরীক্ষায় উত্তীর্ণ হলেই চূড়ান্ত শংসাপত্র দেওয়া হবে। উচ্চ শিক্ষা অধিকর্তা জানান, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত ২৩টি সাধারণ ডিগ্রি কলেজ এবং এম বি বি বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত দুটি ডিগ্রি কলেজের ছাত্রছাত্রীরা পঞ্চম সেমিস্টার পর্যন্ত পাশের সুবিধা পাবেন।

\*\*\*\*\*

#### **All Tripura Blind Comitee :**

রাজ্যের দৃষ্টিহীন সহ অন্যান্য দিব্যাঙ্গজনের স্বার্থ সংশ্লিষ্ট ছয়টি দাবী নিয়ে আজ অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির এক প্রতিনিধিদল সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন দাসের কাছে ডেপুটেশন প্রদান করেন। উল্লেখযোগ্য দাবির মধ্যে ছিল প্রতিবছর বিশেষ উদ্যোগের মাধ্যমে রাজ্যের দৃষ্টিহীন সহ দিব্যাঙ্গজনদের জন্য সরকারি কর্মসংস্থানের ব্যবস্থা, রাজ্যের দৃষ্টিহীন সহ অন্যান্য দিব্যাঙ্গজনদের জন্য মাসিক বেকার ভাতার পরিমাণ বৃদ্ধি ইত্যাদি। প্রতিনিধি দলে ছিলেন সংগঠনের সাধারণ সচিব সহদেব সাহা, কার্যকরী কমিটির সদস্য মাধব সাহা, রাজ্য কমিটির আহ্বায়ক রামু দেবনাথ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Central Finance Minister :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন আজকাল ক্ষুদ্র এবং মাঝারি শিল্পদ্যোগীদের জন্য ব্যাংক থেকে ঋণ নেওয়া অনেক সহজ হয়ে গেছে। আর এই বিষয়টি সম্ভব হয়েছে শুধুমাত্র প্রধানমন্ত্রী জন ধন যোজনার জন্য। আজ ইটানগরে বিভিন্ন

সরকারি প্রকল্পে গ্রামাঞ্চলের সুবিধা ভোগীদের সঙ্গে কথা বলার সময় তিনি এই মন্তব্য করেন। শ্রীমতি সীতারমণ প্রায় ১৬০ জন সুবিধাভোগীদের হাতে এই ঋণদান পত্র তুলে দেন।

\*\*\*\*\*

**Swacchata-Abhishekh Singh :**

পঞ্চকালব্যাপী স্বচ্ছতাই সেবা প্রচার কর্মসূচী আজ শেষ হচ্ছে। রাজ্যেও বিভিন্ন স্তরের জনগনকে সামিল করে সাফাই অভিযান, এক পেড় মাকে নাম অনুযায়ী বৃক্ষ রোপন, প্রভাত ফেরি, পদযাত্রা ইত্যাদির আয়োজন করা হয়। রাজ্যে গত ১৭ই সেপ্টেম্বর উদয়পুরে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা দুই সপ্তাহ ব্যাপি স্বচ্ছতাই সেবা কর্মসূচীর সূচনা করেন। যা আগামীকাল মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তীতে স্বচ্ছতা দিবসের মধ্য দিয়ে শেষ হবে।

স্বচ্ছতাই সেবা কর্মসূচীর বিষয়ে রাজ্য নগোরন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং আকাশবাণীর সঙ্গে এক সাক্ষাৎকারে বলেন, এবারের স্বচ্ছতা কর্মসূচির মূল ভাবনা নির্ধারিত হয়, স্বভাব স্বচ্ছতা, সংস্কার স্বচ্ছতা। সমাজের বিভিন্ন অংশের জনগন এই কর্মসূচীতে সামিল হয়েছেন। এক পেড় মাকে নাম এর জন্য ১৬ টি ইভেন্ট ছিল, যাতে ১৫০০ জন অংশ নিয়েছেন। গাছের চারা রোপন করা হয়। তিনি বলেন, এবারের স্বচ্ছতা কর্মসূচীতে দীর্ঘ দিনের আবর্জনার স্তুপ চিহ্নিত করা হয়েছে, অর্থাৎ ব্ল্যাক স্পট চিহ্নিত করা হয়েছে। শহরাঞ্চলে এ ধরনের ৪৭৪টি ব্ল্যাক স্পট চিহ্নিত করা হয়েছে। ইতিমধ্যে ৪০০টিরও বেশি ব্ল্যাক স্পট পরিষ্কার করা হয়ে গেছে। তিনি জানান, স্বচ্ছতাই সেবা কর্মসূচী ছাড়াও সাফাই মিত্র অর্থাৎ সাফাই কর্মীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা হয়। সাফাই সরঞ্জাম দেওয়া হয়। চিকিৎসা পরিসেবা দেওয়া হয়। তিনি বলেন, এবারের স্বচ্ছতাই সেবা কর্মসূচীতে অন্যতম বিষয় ছিল স্ট্রীট ফুড কারবারীদের স্বচ্ছতা সম্বন্ধে সচেতন

করা তাদের ব্যবসা স্থলের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, স্বাস্থ্য সম্মত ভাবে খাদ্য সরবরাহ করা। ফেলে দেওয়া সামগ্রী ও পরিত্যক্ত বস্তু দিয়ে শিল্প সামগ্রী প্রস্তুত করাও এবারের স্বচ্ছতাই সেবা কর্মসূচীর একটি লক্ষ্য বলে তিনি জানান। তিনি প্রতিটি নাগরিককে তার আশপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য আহ্বান জানান।

নগোরন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং বলেন,

#####Byte#####

এদিকে, স্বচ্ছ ভারত মিশনের গ্রামীণ এলাকার দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ও রাজস্ব সচিব বৃজেশ পাণ্ডে পৃথক এক বার্তায় বলেন, গত ১০ বছরে স্বচ্ছতা নিয়ে রাজ্যেও জনসচেতনতা তৈরি হয়েছে। জনগনের অংশ গ্রহন বৃদ্ধি পেয়েছে। এখন এই স্বচ্ছতা কর্মসূচীকে স্থায়ী রূপ দিতে হবে। তিনি বলেন, স্বচ্ছতার দিক দিয়ে ছোটরাজ্য হলেও ত্রিপুরা সারা দেশে বিশেষ স্থান দখল করে। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে ত্রিপুরা প্রথম দুই-তিন স্থানে রয়েছে বলে তিনি জানান। সচিব বৃজেশ পাণ্ডে বলেন,

#####Byte#####

অন্যদিকে, স্বচ্ছ ভারত মিশনের রাজ্যের ব্র্যান্ড এম্বেসেডর জিমনাস্ট দীপা কর্মকার এক বার্তায় প্রত্যেকের নিজের পারিপার্শ্বিক পরিবেশ, পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানান। দীপা কর্মকার বলেন,

#####Byte#####

\*\*\*\*\*

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলাটস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা ।

\*\*\*\*\*

## **I & C Minister :**

শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা রাজ্যে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের কার্যক্ষমতার বিকাশে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় আজ রেইজিং অ্যান্ড অ্যাক্সিলারেটিং এমএসএমই পারফরমেন্স বা র‍্যাম্প প্রকল্পের সূচনা করেন। আজ আগরতলার হাঁপানিয়ায় আয়োজিত এক অনুষ্ঠানে প্রকল্পটির সূচনা করে তিনি বলেন, রাজ্যের প্রায় ৯৮ শতাংশ শিল্পই ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্পের তালিকায় নথিভুক্ত রয়েছে। এদের মধ্যে অনেকেই পিএমইজিপি, স্বাবলম্বন সহ বিভিন্ন প্রকল্পে ঋণ পেয়েছেন। প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায়ও রাজ্যে এখন পর্যন্ত ৯৩২ জনকে ঋণ দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, এই র‍্যাম্প স্কিম আগামী ৩ বছর চলবে। এর মাধ্যমে রাজ্যে ৩,২০০ জন মডেল উদ্যোগী বানানোর লক্ষ্যমাত্রা রয়েছে। অনুষ্ঠানে আলোচনায় কেন্দ্রীয় এমএসএমই মন্ত্রকের (জিএ অ্যান্ড টিপি) অধিকর্তা বিনয় মিশ্র বলেন, এই কর্মসূচির উদ্দেশ্য আগামী ১৫ থেকে ২০ বছরের মধ্যে দেশের এমএসএমই-এর সামগ্রিক বিকাশে সহায়তা করা। দেশের দ্বিতীয় রাজ্য হিসেবে আজ ত্রিপুরায় এই র‍্যাম্প স্কিম সূচনা করা হয়েছে। এতে রাজ্যকে মোট ৬৫ কোটি টাকা দেওয়া হবে।

যশস্বীনি অভিযান সম্পর্কে বলতে গিয়ে কেন্দ্রীয় এমএসএমই মন্ত্রকের অধিকর্তা অঙ্কিতা পান্ডে বলেন, এর মাধ্যমে মহিলা

স্বউদ্যোগীদের ব্যবসা বৃদ্ধির জন্য কি কি করণীয় সেই সম্পর্কে সচেতন করা হবে।

\*\*\*\*\*

#### **Flood Assistance :**

কেন্দ্রীয় সরকার বন্যা বিধ্বস্ত গুজরাট, মনিপুর ও ত্রিপুরার জন্য জাতীয় বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে ৬৭৫ কোটি টাকা অগ্রিম দেবার কথা ঘোষণা করেছে। এরমধ্যে ৬০০ কোটি টাকা গুজরাট, ৫০ কোটি টাকা মনিপুরকে এবং ত্রিপুরাকে ২৫ কোটি টাকা দেওয়া হবে। স্বরাষ্ট্রমন্ত্রক এক বিজ্ঞপ্তিতে এখবর জানিয়েছে। এদিকে, দ্বিতীয় দফায় কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব বি কে যোশীর নেতৃত্বে কেন্দ্রীয় প্রতিনিধি দল তিনদিনের পরিদর্শন শেষে আজ দিল্লি ফিরে গেছেন। ছয় সদস্যের প্রতিনিধিদল গোমতী জেলা সফর করেন।

\*\*\*\*\*

#### **Union minister :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী, সি আর পাটিল আজ নতুনদিল্লিতে স্বচ্ছ ভারত দিবস ২০২৪ বিষয়ে সাংবাদিক সম্মেলনে গত ১০ বছরে স্বচ্ছ ভারত মিশনের অর্জনগুলি তুলে ধরেন। তিনি বলেন যে সারা দেশে ২৪ লক্ষেরও বেশি কার্যক্রম সংগঠিত হয়েছে এবং এখনও পর্যন্ত ২০ কোটিরও বেশি মানুষ স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৪-এ অংশগ্রহণ করেছেন। তিনি আরও জানান যে এই বছর ৩৮ লক্ষেরও বেশি সাফাই মিত্র সারা দেশে প্রচারে যোগ দিয়েছেন।

\*\*\*\*\*

#### **BJP :**

সদস্যতা অভিযানে রাজ্যে এলেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক দুষ্যন্ত কুমার গৌতম। আজ পুর নিগমের মেয়র তথা



বিধায়ক দীপক মজুমদারের সঙ্গে তিনি আগরতলা বর্ডার গোলচক্কর এলাকায় সদস্যতা অভিযানে অংশ নেন। শ্রী গৌতম জানান, ত্রিপুরায় এই বছর ১২ লক্ষ সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **Mahalaya :**

আগামীকাল মহালয়া। পিতৃপক্ষের শেষ। দেবী পক্ষের শুরু। অমাবস্যার এই তিথিটি হিন্দু ধর্মাবলম্বীদের কাছে পবিত্র ও বিশেষ এক তিথি। এই তিথিতে পুন্যার্থীরা তাদের পিতৃ পুরুষদের উদ্দেশ্যে তর্পণ অর্থাৎ জলদান করেন। বহু মাঙ্গলিক কাজ সম্পাদন করা হয় এই তিথিতে। মহালয়ার মধ্যে দিয়েই সূচনা হয় শারদীয়া দুর্গোৎসবের। মহালয়া উপলক্ষে আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে চিরাচরিত প্রথা অনুযায়ী বিশেষ প্রভাতী অনুষ্ঠানে শোনানো হবে বাণী কুমার রচিত, পঙ্কজ কুমার মল্লিক সুরারোপিত ও বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের কণ্ঠে গীতি আলেখ্য মহিষাসুরমর্দিনী। শোনা যাবে আগামীকাল ভোর ৪টা থেকে।

\*\*\*\*\*

#### **Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের দ্বিতীয় রাউন্ডের প্রথম খেলায় আজ এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ৪-০ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে। ফলে সুপার লিগে দুই ম্যাচে চার পয়েন্ট নিয়ে এগিয়ে চলো পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এসেছে। দুই ম্যাচে তিন পয়েন্ট নিয়ে লালবাহাদুর দ্বিতীয় স্থানে রয়েছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাছাড়া পশ্চিম, খোয়াই, ধলাই এবং গোমতী জেলার কিছু স্থানে জায়গায় ভারী বর্ষণের সতর্কতা ও জারি করেছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*